দৈনিক বাংলা

তারিখ ১.৬।৭।৮১ ... ...
পৃষ্ঠা ... ... ... ... কলাম ... ... ...

103

# 'ভূগোল শিক্ষার প্রতি শিশুদের আগ্রহী করে তুলতে হবে'

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফজলুল হালিম চৌধুরী গবেষণার ক্ষেত্রে বাংলাদেশের সমস্যাবলীকে প্রাধান্য দেয়ার জন্যে বিজ্ঞানীদের প্রতি আহবান জানিয়েছেন। তিনি রোববার বাংলাদেশ ভূগোল পরিষদের ২৬তম বার্ষিক সভায় প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

প্রফেসর ফজলুল হালিম চৌধুরী বলেন, আমাদের দেশ, মাটি ও পরিবেশের সাথে ভূগোল শিক্ষার ঘনিষ্ঠ সম্পর্ক থাকা উচিত। প্রাথমিক পর্যায়ে ভূগোল শিক্ষার প্রতি শিশুদের যথেষ্ট পরিমাণে আগ্রহী করে তুলতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়েও ভূগোল শিক্ষা সম্পর্কে নতুন করে চিন্তা-ভাবনার প্রয়োজন রয়েছে। তিনি বর্তমানে দেশে ভূগোল শিক্ষাদানের যে ব্যবস্থা রয়েছে তার মূল্যায়নের আহবান জানিয়ে বলেন, আমাদের পঠন-পাঠনে আমাদের উদ্দেশ্য ও লক্ষ্যকে অগ্রাধিকার দিতে হবে।

সায়েন্স এনেক্স ভবনের ভূগোল বিভাগে আয়োজিত এ সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ ভূগোল পরিষদের সভাপতি জনাব এম এ কিউ লুৎফুল হক। প্রফেসর এম আই চৌধুরী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর দুটি অধিবেশনে বেশ কয়েকটি নিবন্ধ পাঠ করা হয়। এতে অংশগ্রহণ করেন সর্বজনাব এম. এ কিউ লুৎফুল হক, মোহাম্মদ আবু তাহের, মাহমুদুর হাসান, মেসবাহ-উস-সালেহীন, ডঃ কে মওদুদ এলাহী, ডঃ সুভাষ চন্দ্র সাহা, মিসেস তাসলিমা বেগম, মিসেস সবিতা সাহা প্রমুখ।

সভাপতি তার ভাষণে বলেন, ভৌগোলিক জ্ঞান, শিক্ষা ও গবেষণার প্রসারের কথা ভেবেই ১৯৫৫ সালে ভূগোল পরিষদ গঠন করা হয়েছিল। প্রতিষ্ঠাকাল থেকে এ পর্যন্ত পরিষদ ভূগোল বিজ্ঞানের প্রসার ও সমৃদ্ধি সাধনে যে অবদান রেখেছে তা একেবারে কম নয়। ঢাকা বিশ্ববিদ্যালয় ও সরকারের বার্ষিক অনুদানই পরিষদের গবেষণা ও প্রকাশনার প্রধান আর্থিক উৎস বলে সভাপতি জানান। তিনি ভূগোল পরিষদের কার্যক্রম সম্প্রসারিত করার লক্ষ্যে অনুদান বৃদ্ধির আহবান জানান।